



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ০৯ ফেব্রুয়ারি ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ ফেব্রুয়ারি ২০২৫

জীববিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ, রবিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। এদিন পাঁচ শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফট শুরু হবে সকাল ৯.০০টায় এবং বিকেল ৩.১৫ মিনিটে পঞ্চম শিফটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০ ফেব্রুয়ারি সোমবার 'ডি' ইউনিটের অবশিষ্ট ৪ শিফট এবং ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ডি' ইউনিটে আসন সংখ্যা ৩১০টি। ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ)-এর আসন সংখ্যা ৫০টি।

১১ ফেব্রুয়ারি মঙ্গলবার 'ই' ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) এবং 'এ' ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি)-এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১২ ফেব্রুয়ারি বুধবার 'এ' ইউনিটের অবশিষ্ট শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ই' ইউনিটে আসন সংখ্যা ২০০টি। 'এ' ইউনিটে আসন সংখ্যা ৪২৬টি।

১৩ ফেব্রুয়ারি বৃহস্পতিবার 'সি' ইউনিট (কলা ও মানবিকী অনুষদ, আইন অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট)-এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'সি' ইউনিটে আসন সংখ্যা ৪৪০টি।

১৭ ফেব্রুয়ারি সোমবার 'সি-১' ইউনিট কলা ও মানবিকী অনুষদ (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ) এবং 'বি' ইউনিটের (সমাজ বিজ্ঞান অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'সি-১' ইউনিটে আসন সংখ্যা ৬৪টি। 'বি' ইউনিটে আসন সংখ্যা ৩২৬টি।

২০২৪-২৫ শিক্ষাবর্ষে সর্বমোট আসন সংখ্যা ১ হাজার ৮১৬টি। এর মধ্যে ছাত্রদের আসন ৯০৮টি এবং ছাত্রীদেরও আসন ৯০৮টি। ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং ফলাফল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট ju-admission.org এ পাওয়া যাবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)